

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৯২২

১৭/ দুধপান (كتاب الرضاع)

পরিচ্ছেদঃ ১৭/১০. বিছানা যার সন্তান তার এবং সন্দেহ থেকে বেঁচে থাকা।

الولد للفراش وتوقي الشبهات

আরবী

حديث عَائِشَةَ، قَالَتْ: اخْتَصَمَ سَعْدُ بْنُ أَبِي وَقَاصٍ وَعَبْدُ بْنُ زَمْعَةَ فِي غُلاَمٍ؛ فَقَالَ سَعْدُ: هذَا، يَا رَسُولَ اللهِ ابْنُ أَخِي عُتْبَةَ بْنِ أَبِي وَقَاصٍ، عَهِدَ إِلَيَّ أَنَّهُ ابْنُهُ، انْظُرْ إِلَى شَبَهِهِ، وَقَالَ عَبْدُ بْنُ زَمْعَةَ: هذَا أَخِي، يَا رَسُولَ اللهِ وُلِدَ عَلَى فِرَاشِ أَبِي مِنْ وَلِيدَتِهِ شَبَهِهِ، وَقَالَ عَبْدُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى شَبَهِهِ فَرَأَى شَبَهًا بَيِّنَا بِعُتْبَةَ، فَقَالَ: هُو لَكَ يَا عَبْدُ، الْوَلَدُ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ الْحَجَرُ، وَاحْتَجِبِي مِنْهُ يَا سَوْدَة بِنْتَ زَمْعَةَ فَلَمْ تَرَهُ سَوْدَةُ وَلَا لَا لَهُ مَا لَا لَهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى شَبَهِ مِنْهُ يَا سَوْدَة بِنْتَ زَمْعَةَ فَلَمْ تَرَهُ سَوْدَةُ وَلَا اللهِ وَلِلْعَاهِرِ الْحَجَرُ، وَاحْتَجِبِي مِنْهُ يَا سَوْدَة بِنْتَ زَمْعَةَ فَلَمْ تَرَهُ سَوْدَةُ أَلُهُ اللّهُ عَلَيْهِ وَالْعَاهِرِ الْحَجَرُ، وَاحْتَجِبِي مِنْهُ يَا سَوْدَة بِنْتَ زَمْعَةَ فَلَمْ تَرَهُ سَوْدَةُ أَلَا اللهِ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ عَلْمَ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ وَاللّهَ عَلَيْهُ وَالْمُ اللّهُ عَلَيْهِ وَلَا لَا عَلْمَ اللّهُ عَلَيْهُ إِلَى اللّهُ عَلَيْهُ وَلَا عَاهِرِ الْحَجَرُ، وَاحْتَجِبِي مِنْهُ يَا سَوْدَة بِنْتَ زَمْعَةَ فَلَمْ تَرَهُ سَوْدَةً اللّهُ فَالَا عَلَيْهِ اللّهُ الْحَيْمَ لَى اللّهُ اللّهِ لَا عَلَى اللّهُ اللّهِ اللّهُ عَلَيْهِ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ

বাংলা

৯২২. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সা'দ ইবনু আবৃ ওয়াক্কাস ও 'আব্দ ইবনু যাম'আ উভয়ে এক বালকের ব্যাপারে বিতর্ক করেন। সা'দ (রাঃ) বলেন, হে আল্লাহর রাসূল! এতো আমার ভাই উতবা ইবনু আবী ওয়াক্কাসের পুত্র। সে তার পুত্র হিসাবে আমাকে ওয়াসিয়্যত করে গেছে। আপনি ওর সাদশ্যের প্রতি লক্ষ্য করুন। 'আবদ ইবন যাম'আ বললেন, হে আল্লাহর রাসূল! এ আমার ভাই, আমার পিতার দাসীর গর্ভে জন্মগ্রহণ করে। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার চেহারার দিকে তাকিয়ে দেখতে পেলেন যে, উতবার সাথে তার পরিষ্কার সাদৃশ্য রয়েছে। তিনি বললেন, এ ছেলেটি তুমি পাবে, হে আব্দ ইবনু যাম'আ! বিছানা যার, সন্তান তার। ব্যভিচারীর জন্য রয়েছে বঞ্চনা। হে সাওদাহ বিনতু যাম'আ! তুমি এর হতে পর্দা কর। ফলে সাওদাহ (রাঃ) কখনও তাকে দেখেননি।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩৪ ; ক্রয়-বিক্রয়, অধ্যায় ১০০, হাঃ ২২১৮; মুসলিম, পর্ব ১৭: দুগ্ধপান, অধ্যায় ১০, হাঃ ১৪৫৭



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=84150}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন